

Biotech Association
Dept. of Biotechnology and Genetic Engineering
Islamic University-Kushtia

বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগের বায়োটেক অ্যাসোসিয়েশন
ইসলামী বিশ্ববিদ্যালয়- কুষ্টিয়া

বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগ
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া-৭০০৩, বাংলাদেশ

Biotech Association
Dept. of Biotechnology and Genetic Engineering
Islamic University-Kushtia.

উদ্দেশ্য ও লক্ষ্যঃ

- ক). বর্তমান শিক্ষার্থীদের জন্য কল্যাণমুখী কর্মসূচি গ্রহণ ও সহায়তা প্রদান করা।
- খ). বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষা সহায়ক ও উন্নয়নমূলক কর্মকাণ্ডে সহযোগিতা প্রদান করা।
- গ). বিভাগ সংশ্লিষ্ট প্রগতিশীল চিন্তা চেতনা বিকাশে যেকোনো বিষয়ের উপর গবেষণা, সম্মেলন, সেমিনার, সিম্পোজিয়াম, আলোচনা, প্রকাশনা, ইত্যাদির আয়োজন করা।
- ঘ). বিভিন্ন শিক্ষামূলক, সাংস্কৃতিক, খেলাধুলা, সামাজিক ও কল্যাণমূলক কর্মসূচির মাধ্যমে বিভাগে অবস্থানরত শিক্ষার্থীদের উদ্বুদ্ধকরণ।
- ঙ). বিভাগ সংশ্লিষ্ট কোনো ব্যক্তির সংকটকালে বৃহৎ অর্থে সমাজ ও মানব কল্যাণে সাধ্য অনুযায়ী যে কোনো কর্মসূচি গ্রহণ ও সহযোগিতা প্রদান করা।

নির্বাহী পরিষদ/কার্যকরী পরিষদ গঠনঃ কার্যনির্বাহী পরিষদের সভাপতি, সহ-সভাপতি ও সাধারণ সম্পাদক মিলে বিভিন্ন শিক্ষা বর্ষের শিক্ষার্থীদের সাথে যুক্ত হয়ে সংখ্যা গরিষ্ঠ সমর্থন সাপেক্ষে ০২ জন (০১ জন ছাত্র ও ০১ জন ছাত্রী) কিন্তু ৪র্থ বর্ষ হতে ০৩ জন শিক্ষার্থী নির্বাচিত হবে যারা কার্যনির্বাহী সদস্য বলে বিবেচিত হবে। উল্লেখ থাকে যে, উক্ত কার্যনির্বাহী পরিষদে বিভাগের সভাপতিসহ মোট ০২ জন শিক্ষক (বাকী ০১ জন একাডেমিক কমিটির সিদ্ধান্ত অনুযায়ী বিবেচিত) উক্ত পরিষদের সদস্য হিসেবে বিবেচিত হবেন। এই কার্যনির্বাহী পরিষদের পদবিন্যাস নিম্নরূপঃ-

সভাপতি	একজন (বিভাগীয় সভাপতি)
সহ-সভাপতি	একজন (এম.এস-সি শিক্ষার্থী)
কোষাধ্যক্ষ	একজন (বিভাগীয় শিক্ষক)
সাধারণ সম্পাদক	একজন (৪র্থ বর্ষের শিক্ষার্থী)
যুগ্ম সম্পাদক	একজন (৩য় বর্ষের শিক্ষার্থী)
সাংগঠনিক সম্পাদক	একজন (২য় বর্ষের শিক্ষার্থী)
দপ্তর সম্পাদক	একজন (১ম বর্ষের শিক্ষার্থী)
নির্বাহী সদস্য	উল্লিখিত পদ ব্যতিত ০৬ জন

সর্বমোট- ১৩ জন

বিভিন্ন পদের কার্যাবলীঃ

ক). সভাপতিঃ ইসলামী বিশ্ববিদ্যালয় বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগের বায়োটেক অ্যাসোসিয়েশনের সভাপতি হবেন সংগঠনের নিয়মতান্ত্রিক প্রধান। তিনি সাধারণ সম্পাদককে সভা আহ্বান এর জন্য পরামর্শ অথবা নির্দেশ দিতে পারবেন। কোন সভায় ভোটা ভুটিতে সাম্যবস্থা বিরাজ করলে অর্থাৎ উভয় পক্ষ সমান ভোট পেলে সভাপতি তার ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন।

খ). সহ-সভাপতিঃ সভাপতির নির্দেশে অথবা অনুপস্থিতিতে সহ-সভাপতি সভাপতির দায়িত্ব পালন করবেন।

গ). কোষাধ্যক্ষঃ তিনি সংগঠনের সমস্ত হিসাব সংরক্ষণ করবেন এবং প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপন করবেন। তিনি সংগঠনের পক্ষ থেকে অর্থ প্রাপ্তির খাত নির্ধারণ এবং সমস্ত তহবিল সংগ্রহ করবেন। তিনি বাজেট বন্টন, অনুমোদন এবং অনুমোদিত বাজেটের অর্থ যথাযথ ব্যবহার নিশ্চিত করতে সভাপতি-সাধারণ সম্পাদককে সহযোগিতা করবেন। সমিতির ব্যাংক হিসাব পরিচালনার ক্ষেত্রে অ্যাসোসিয়েশনের সভাপতি ও কোষাধ্যক্ষের সাথে যৌথভাবে অ্যাকাউন্ট পরিচালনা করবেন। সমস্ত অর্থ প্রাপ্তি এবং খরচের হিসাব কোষাধ্যক্ষ দ্বারা স্বাক্ষরিত হতে হবে। কোষাধ্যক্ষের অনুপস্থিতিতে নির্বাহী পরিষদের অনুমতি সাপেক্ষে সভাপতি মহোদয় সমিতির নির্বাহী সদস্যদের মধ্য থেকে কাউকে কোষাধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালনের জন্য নির্ধারণ করতে পারবেন।

ঘ). সাধারণ সম্পাদকঃ সাধারণ সম্পাদক হবেন সংগঠনের প্রধান নির্বাহী। তিনি সভাপতির পরামর্শক্রমে সভা আহ্বান করবেন, সভা পরিচালনা করবেন এবং সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করবেন। তিনি সংগঠনের সকল কার্যক্রম পরিচালনা, সমন্বয় সাধন এবং নির্বাহী পরিষদের নির্দেশাবলী পালন করবেন। তিনি আর্থিক বিষয় ব্যতীত সমিতির সকল কার্যক্রমের জন্য দায়বদ্ধ থাকবেন এবং বার্ষিক প্রতিবেদন প্রণয়ন এবং উপস্থাপন করবেন।

ঙ). যুগ্ম সম্পাদকঃ সাধারণ সম্পাদকের দায়িত্ব পালনে সহযোগিতা করবেন এবং নির্বাহী পরিষদ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করবেন। সাধারণ সম্পাদকের অনুপস্থিতিতে যুগ্ম সম্পাদক সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করবেন।

চ). সাংগঠনিক সম্পাদকঃ সাংগঠনিক সম্পাদক সংগঠনের বিভিন্ন সভা আয়োজনে এবং বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের ক্ষেত্রে (সম্মেলন, সেমিনার, সিম্পোজিয়াম, আলোচনা) সাধারণ সম্পাদক এবং সংশ্লিষ্ট সম্পাদককে সহযোগিতা করবেন। সাংগঠনিক ঐক্য প্রতিষ্ঠার ক্ষেত্রে এবং সংগঠনকে গতিশীল করতে ভূমিকা পালন করবেন।

ছ). দপ্তর সম্পাদকঃ দপ্তর সম্পাদক সংগঠনের সকল সদস্যদের নামের তালিকা এবং মিটিং এর সিদ্ধান্ত সহ সমস্ত তথ্য এবং নথি সংরক্ষণ করবেন। সাধারণ সম্পাদক কে নির্বাহী পরিষদের কর্মকর্তা এবং সভা পরিচালনায় সহযোগিতা করবেন।

কমিটির মেয়াদকালঃ

কমিটির মেয়াদ কাল হবে ১ বছর (জুলাই হতে জুন)

প্রতি বছরের ৩০ শে জুনের মধ্যে পরবর্তী বছরের জন্য কার্যকারী কমিটি গঠন করতে হবে এবং এই কার্যকারী কমিটি ১ লা থেকে ৫ ই জুলাই এর মধ্যে দায়িত্ব গ্রহণ করবে।